

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৭

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৮. পেশাবরত অবস্থায় সালামের জবাব দেয়া

باب أَيَرُدُّ السَّلَامَ وَهُوَ يَبُول

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى، حَدَّثَنَا سَعِيدٌ، عَنْ قَتَادَةَ، عَنِ الْحَسَنِ، عَنْ حُضَيْنِ بْنِ الْمُنْذِرِ أَبِي سَاسَانَ، عَنِ الْمُهَاجِرِ بْنِ قُنْفُذٍ، أَنَّهُ أَتَى النَّبِيَّ صلي الله عليه وسلم وَهُوَ يَبُولُ فَسَلَّمَ عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَيْهِ حَتَّى تَوَضَّأَ، ثُمَّ اعْتَذَرَ إِلَيْهِ، فَقَالَ: " إِنِي كَرِهْتُ أَنْ أَذْكُرَ اللهَ عَزَّ وَجَلَّ إِلَّا عَلَى طُهْرِ " . أَوْ قَالَ " عَلَى طَهَارَةٍ " .

صحيح

#### বাংলা

১৭। আল-মুহাজির ইবনু কুনফুয (রাঃ) সূত্রে বর্ণিত। একদা তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট গিয়ে তাঁকে সালাম দিলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পেশাব করছিলেন। সেজন্য অযূ না করা পর্যন্ত তিনি তার জবাব দিলেন না। অতঃপর (পেশাব শেষে অযূ করে) তিনি তার নিকট ওযর পেশ করে বললেন, পবিত্রতা ছাডা আল্লাহর নাম স্মরণ করা আমি অপছন্দ করি।[1]

সহীহ।

## **English**

Narrated Muhajir ibn Qunfudh:

Muhajir came to the Prophet () while he was urinating. He saluted him. The Prophet () did not return the salutation to him until he performed ablution. He then apologised to him, saying: I disliked remembering Allah except in the state of purification.



## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ উযুর পর সালামের জবাব দেয়া, হাঃ ৩৮) ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পেশাবরত ব্যক্তিকে সালাম দেয়া, হাঃ ৩৫০) আহমাদ (৫/৮০), ইবনু হিব্বান (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ উযুহীন ব্যক্তির যিকর ও কিরাত সম্পর্কে, হাঃ ১৮৯) হাকিম (১/১৬৭), তার থেকে বায়হাকী (১/৯০)। ইমাম হাকিম একে সহীহ বলেছেন। ইমাম যাহাবী তাঁর সাথে একমত পোষণ করেছেন।

\_

- এ অনুচ্ছেদের হাদীস থেকে শিক্ষাঃ
- ১। হাদীসটি প্রমাণ করে পেশাব পায়খানার সময় আল্লাহর যিকর করা অপছন্দনীয়।
- ২। উচিত হলো, কেউ পেশাব-পায়খানার সময় সালাম দিলে উযু বা তায়াম্মুম করার পর তার উত্তর দেয়া।
- ৩। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুকীম অবস্থায় অসুস্থৃতা ও ওজর ব্যতিরেকেই তায়াম্মুম করেছেন। আর ইমাম আওযায়ীর অভিমতও এটাই যে, জুনুবী ব্যক্তি যদি এ আশঙ্কা করেন যে, গোসল করতে গেলে সূর্যোদয় হয়ে যাবে তখন তিনি ওয়াক্ত ছুটে যাওয়ার পূর্বেই তায়াম্মুম করে সালাত আদায় করে নিবেন। ইমাম ইবনু তাইমিয়াহ (রহঃ) সহ বহু মণীষী এ অভিমত পোষণ করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মুহাজির ইবনু কুনফুয (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন